

সৌদির জেদ্দায় ই-পাসপোর্ট সেবা চালু

- A Monitor Desk Report

Date: 18 September, 2024



রিয়াদ: সৌদি আরবের জেদ্দায় অবস্থিত বাংলাদেশ কনস্যুলেট জেনারেল থেকে সৌদি প্রবাসী বাংলাদেশিরা ই-পাসপোর্টের জন্য আবেদন করতে পারবেন। মঙ্গলবার (১৭ সেপ্টেম্বর) বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরবে প্রবাসী বাংলাদেশিদের ই-পাসপোর্ট কার্যক্রম অনুষ্ঠানের উদ্বোধনকালে কনসাল জেনারেল মিয়া মো. মাইনুল কবির এ কথা জানান।

এ উপলক্ষে কনস্যুলেটের সভাকক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। কনস্যুলেটের কনসাল জেনারেল মিয়া মো. মাইনুল কবিরের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন, ঢাকা থেকে আগত ই-পাসপোর্ট প্রকল্পের কর্মকর্তা ও কারিগরি দল, কনস্যুলেটের কর্মকর্তা-কর্মচারি, বিভিন্ন শ্রেণী পেশার প্রবাসী বাংলাদেশী ও সাংবাদিকরা।

এ প্রকল্পের সহকারী প্রকল্প পরিচালক মেজর সুমিরিয়ার সাদেকিন ও তার দল উপস্থিত বাংলাদেশিদের ই-পাসপোর্ট সম্পর্কে সম্যক ধারণা প্রদান করেন। তিনি বলেন, আবেদনকারীরা ৫ বছর বা ১০ বছর মেয়াদের জন্য আবেদন করতে পারবেন এবং আবেদন প্রাপ্তির এক মাসের মধ্যে ই-পাসপোর্ট সরবরাহ করা সম্ভব হবে।

কনসাল জেনারেল তার বক্তব্যে বলেন, সৌদি আরবে বাংলাদেশের ৪৭তম মিশন হিসেবে 'ই-পাসপোর্ট' সেবা কার্যক্রম চালু করা হলো।

এ সময় তিনি নাগরিকদের বিভিন্ন কাজের পাশাপাশি আন্তর্জাতিক ভ্রমণের ক্ষেত্রে ই-পাসপোর্টের গুরুত্বের কথা তুলে ধরেন। এছাড়াও বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করা ও প্রবাসীদেরকে স্থানীয় আইন মেনে চলার বিষয়ে কনসাল জেনারেল উপস্থিত সকলকে আহ্বান জানান।

আনুষ্ঠানিক উদ্বোধনের সময় সভাপতি কয়েকজন আবেদনকারীকে ই-পাসপোর্ট এনরোলমেন্ট স্লিপ হস্তান্তর করেন। ই-পাসপোর্ট আবেদনকারী সেবা গ্রহীতাদের মধ্যে কয়েকজন তাদের অনভূতি ব্যক্ত করেন। এ বিষয়ে তারা কনস্যুলেটের সহযোগিতার কথা উল্লেখ করে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। অনুষ্ঠানে ই-পাসপোর্টের ওপর নির্মিত একটি তথ্যচিত্রও প্রদর্শন করা হয়।

উল্লেখ্য, আনুষ্ঠানিক উদ্বোধনের ফলে মঙ্গলবার থেকে সৌদি আরবে বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশি নাগরিক ই-পাসপোর্টের জন্য আবেদন করতে পারবেন।

-B